# Times Today BD

আশিকুর রহমান | দেশজুড়ে | 03 June, 2025

ঢাকা-টাঙ্গাইল যমুনা সেতু মহাসড়কের বাসাইলে দাঁড়িয়ে থাকা ট্রাকের পেছনে মাইক্রোবাসের ধাক্কায় বাবা ও দুই ছেলে নিহত হয়েছে। এঘটনায় আহত হয়েছে আরো ৩জন।

মঙ্গলবার (৩ জুন) সকাল ৯টার দিকে উপজেলার করাতিপাড়া বাইপাস এলাকায় এ দুর্ঘটনা ঘটে।

নিহতরা হলেন, শেরপুর জেলার কামারচর গ্রামের মৃত মোনছের মন্ডলের ছেলে আমজাদ মন্ডল (৫০), আমজাদের দুই ছেলে রাতুল মন্ডল (২৪) ও অতুল মন্ডল (১৪) ।

বাসাইল থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) জালাল উদ্দিন বলেন, ঈদের ছুটিতে গ্রামের বাড়ি যাচ্ছিল আমজাদ ও তার পরিবারের সদস্যরা। সকালে ঢাকা থেকে ছেড়ে আসা উত্তরবঙ্গগামী মাইক্রোবাসটি টাঙ্গাইলের বাসাইল উপজেলার করাতিপাড়া বাইপাস এলাকায় পৌঁছালে নিয়ন্ত্রণ হারিয়ে রাস্তার পাশে দাড়িয়ে থাকা ট্রাকের পিছনে ধাক্কা দেয়।এতে ঘটনাস্থলেই বাবা ও দুই ছেলে নিহত হয়।আহত হয় নারী ও শিশুসহ তিনজন।পরে তাদের উদ্ধার করে টাঙ্গাইল জেনারেল হাসপাতালে নিয়ে যাওয়া হয়।

অপরদিকে নিহত তিনজনে মরদেহ উদ্ধার করে গোড়াই হাইওয়ে থানায় নিয়ে যাওয়া হয়েছে।এ বিষয়ে আইনী প্রক্রিয়া শেষে স্বজনদের কাছে মরদেহ হস্তান্তর করা হবে।

ঢাকা-টাঙ্গাইল মাইক্রোবাস

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 27 June, 2025 03:21

URL: https://www.timestodaybd.com/public/across-the-country/4251333275